

১) নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির
সঠিক উত্তর নির্বাচন করো। (১×১০)

সিমলিপাল আসলে সংরক্ষিত অরণ্য। কিন্তু
বর্ষা বলে টাইগার রিজার্ভ এলাকায় ঢোকার
অনুমতি নেই। অতএব পরের গন্তব্য
দেবকুণ্ড। আরো কিছুটা হাঁটতেই সামনে
এল সেই দৃশ্য। পাহাড়ের উপর থেকে সশব্দ
নীচে আছড়ে পড়ছে জলরাশি। আরো
কাছে যেতে নজরে পড়ল পাহাড় চুড়োয়
একটা মন্দির। কথিত আছে, দেবতারা
এখানে স্নান করেন। তাই নাম 'দেবকুণ্ড'।
এই কুণ্ডের নীচে রয়েছে একটি প্রস্তরখণ্ড।
স্থানীয় বিশ্বাস, সেটা আসলে শিবলিঙ্গ।
অনেক চেষ্টা করেও সেটা নাকি তোলা
যায়নি। ১৯৪০ সালে ময়ুরভঙ্গ জেলার
রাজা পাহাড়ের উপর মন্দিরটি তৈরি
করেন। সেখানে রোজ পুজো হয়। মন্দির
যেতে হলে ভাঙ্গতে হয় প্রায় দুশো সিঁড়ি।
ঘন বর্ষাতেও পর্যটকের অভাব নেই।
জলপ্রপাতের ধারে থিকথিকে ভিড়। তার
জল এমন সচ্ছ যে অনেক গভীর পর্যন্ত
নজর যায়।

I) সিমলিপাল অরণ্যটি কোন প্রাণীর
জন্য সংরক্ষিত? 1 point

- হরিণ
- বাঘ
- সিংহ
- গঙ্গার

II) সংরক্ষিত অরন্যে ঢোকার অনুমতি 1 point
থাকে না-

- সারা বছরই
- বর্ষাকালে
- শীতকালে
- বিদেশীদের

||||) 'আরো কিছুটা হাঁটতেই সামনে
এল সেই দৃশ্য'- কোন্ দৃশ্যের কথা
বলা হয়েছে?

1 point

- পাহাড়ের উপর থেকে সশব্দে নীচে আছড়ে
পড়ছে জলরাশি
- পাহাড়ের চুড়ায় একটা মন্দির
- জলপ্রপাতের ধারে থিকথিকে ভিড়
- জলপ্রপাতের স্বচ্ছ জল

IV) দেবকুণ্ড নামকরণের কারণ-

1 point

- দেবতাদের প্রমোদতরী
- দেবতাদের সমাধিস্থল
- দেবতাদের শয়নস্থল
- দেবতাদের স্নানের স্থল

V) স্থানীয় বিশ্বাস অনুযায়ী দেবকুণ্ডের 1 point
নীচে থাকা প্রস্তরখণ্ডটি আসলে

- বিষ্ণুমূর্তি
- কৃষ্ণমূর্তি
- শিবমূর্তি
- শিবলিঙ্গ

VI) পাহাড়ের চূড়ায় থাকা মন্দিরটি 1 point
তৈরি হয়েছিল

- অষ্টাদশ শতাব্দীতে
- উনবিংশ শতাব্দীতে
- বিংশ শতাব্দীতে
- একবিংশ শতাব্দীতে

VII) অনুচ্ছেদ অনুযায়ী পর্যটন
ক্ষেত্রিকে জনসমাগম বেশি

1 point

- জলপ্রপাতার ধারে
- মন্দিরের সামনে
- জলপ্রপাতার উপরে
- সংরক্ষিত অরণ্যে

VIII) পাহাড়ের চুড়ায় থাকা মন্দিরটি
আসলে

1 point

- জীর্ণ মন্দির
- বহু প্রাচীন মন্দির
- নব নির্মিত মন্দির
- কোনটিই নয়

IX) স্বচ্ছ সঞ্চি বিচ্ছেদ-

1 point

- সু+ছ
- স্ব+ ছ
- সু+অচ্ছ
- স্ব+ অচ্ছ

X) কোনটি অরণ্য শব্দের প্রতিশব্দ

1 point

নয়?

- বিপিন
- গহন
- পারাবত
- কুঞ্জ